

স্মারক নং- ৪৩.২৬.১০০০.০০১.৯৯.০০১.২৩.১৫

তারিখ: ২৬ ফেব্রুয়ারি, ১৪৩০  
১০ মার্চ, ২০২৪

**বিষয়: ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪' উপলক্ষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা।**

১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪' এবং ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪' উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার বগুড়ায় নিম্নোক্ত বিষয়ে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

**১। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস:**

**চিত্রাংকন প্রতিযোগিতা:**

ক্রঃ নং	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময়
১	ক	শিশু শ্রেণি - দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	স্থান: জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া। তারিখ: ১৬ মার্চ, ২০২৪ খ্রিঃ সময়: সকাল ১১.০০ টা।
২	খ	তৃতীয় শ্রেণি - সপ্তম শ্রেণি		

**২। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস:**

**রচনা প্রতিযোগিতা:**

ক্র:নং	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার স্থান, তারিখ ও সময়
১	ক	পঞ্চম-অষ্টম	বঙ্গবন্ধু ও স্বাধীনতা	৮০০	স্থান: জেলা সরকারি গণগ্রন্থাগার, বগুড়া। তারিখ: ২৪ মার্চ, ২০২৪ খ্রিঃ সময়: বিকাল ৩.৩০ টার মধ্যে।
২	খ	নবম - দ্বাদশ	মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা	১০০০	
৩	গ	স্নাতক-স্নাতকোত্তর/ সর্বসাধারণ	স্বাধীনতা পূর্ব ও স্বাধীনতা উত্তর বাংলাদেশ	১২০০	

**শর্তাবলী:**

১. রচনা A4 সাইজের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক পার্শ্বে লিখতে হবে। উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্র-ছাত্রীদেরকে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়নপত্র/স্টুডেন্ট আইডি কার্ডের ফটোকপিসহ রচনা জমা দিতে হবে এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের অনুলিপি/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. প্রত্যেক প্রতিযোগীকে অবশ্যই পূর্ণনাম, পিতা ও মাতার নাম, সচল ফোন নম্বর ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪. চিত্রাংকন প্রতিযোগিতায় কাগজ ব্যতীত অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে এবং স্টুডেন্ট আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

উল্লিখিত অনুষ্ঠানসমূহে আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বনিম্ন অনুরোধ করা হলো।

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক**

-----  
-----  
-----বগুড়া।



১০.০৩.২০২৪

মোঃ আমির হোসেন

সহকারী লাইব্রেরিয়ান

জেলা সরকারি গণগ্রন্থাগার

বগুড়া।

ফোন: +৮৮০২৫৮৮৮১৩১৪৪

E-mail: dgplbogura19@gmail.com

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতাক্রমে নয়) প্রেরণ:**

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, বগুড়া।
৩. পুলিশ সুপার, বগুড়া।
৪. পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া।
৬. উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া (সকল)।
৭. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৯. জেলা সিনিয়র তথ্য অফিসার, বগুড়া।
১০. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া।
১১. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বগুড়া।
১২. জেলা কালচারার অফিসার, বগুড়া।
১৩. -----, বগুড়া।
১৪. সংশ্লিষ্ট নথি।



১০.০৩.২০২৪

মোঃ আমির হোসেন  
সহকারী লাইব্রেরিয়ান